



## প্রেস রিলিজ

### বাংলাদেশ দুতাবাস, উজবেকিস্তানে জাতীয় প্রবাসী দিবস ২০২৩ উদযাপন

জাতীয় প্রবাসী দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বাংলাদেশ দুতাবাস, উজবেকিস্তান আজ (৩০ ডিসেম্বর ২০২৩) দুতাবাসে “বাংলাদেশের উন্নয়নে প্রবাসীদের ভূমিকা ও অবদান” শীর্ষক এক গোল টেবিল বৈঠকের আয়োজন করে, যেখানে উজবেকিস্তানের উল্লেখযোগ্য সংখ্যক বিশিষ্ট ব্যবসায়ী, শিল্পপতিসহ প্রবাসী বাংলাদেশীরা অংশগ্রহণ করেন।

উজবেকিস্তানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. মোহাম্মদ মনিরুল ইসলাম তাঁর স্বাগত বক্তব্যে আর্থ-সামাজিক ক্ষেত্রে বাংলাদেশের দৃশ্যমান অগ্রয়ান্ত্র ও অগ্রগতির চিহ্ন তুলে ধরেন এবং তা অর্জনে প্রবাসীদের অকুষ্ঠ সহযোগিতা ও সক্রিয় ভূমিকা রয়েছে বলে মন্তব্য করেন। সরকারের প্রবাসী বাস্তব নীতি ও পদক্ষেপের বর্ণনা দিয়ে তিনি বলেন যে, প্রবাসীদের অধিকার, কল্যান ও নিরাপত্তা নিশ্চয়তা বিধানের পাশাপাশি দেশে দক্ষ জনশক্তি গড়ে তুলতে সরকার বন্ধনপরিকর। বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের কর্মীরা দক্ষতা ও সুনামের সাথে কাজ করছে বলে উল্লেখ করে রাষ্ট্রদূত বলেন যে তাদের এ সক্ষমতা ও অভিজ্ঞতাকে কাজে লাগানোর ব্যাপারে উজবেকিস্তানের উদ্যোগ্তা ও ব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহ সক্রিয়ভাবে বিবেচনা করতে পারে। ইহা দু’দেশের সম্পর্কে এক নতুন মাত্রা যোগ করবে বলে রাষ্ট্রদূত যোগ করেন। উপস্থিতি ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ বাংলাদেশের উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। উজবেকিস্তানে ভৌতিক কাঠামো, নির্মাণ এবং টেক্সটাইল সেক্টরে বিদেশী কর্মীদের চাহিদা রয়েছে উল্লেখ করে উজবেকিস্তান বাংলাদেশের কর্মীদের জন্য এক নতুন গন্তব্য হতে পারে বলে অভিমত ব্যক্ত করেন।

গোল টেবিল আলোচনার পূর্বে “জাতীয় প্রবাসী দিবস ২০২৩” এর প্রতিপাদ্য ‘প্রবাসীদের কল্যান, মর্যাদা-আমাদের অঙ্গীকার; স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার’ এর প্রেক্ষাপটে উজবেকিস্তানে বিভিন্ন পেশায় নিয়োজিত বাংলাদেশী কর্মীদের নিয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে এ দিবস উপলক্ষে প্রেরিত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রীর বাচী পাঠ করা হয় এবং এ উপলক্ষে নির্মিত একটি ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। রাষ্ট্রদূত ড. ইসলাম উপস্থিত সকলের সাথে বিভিন্ন বিষয়ে মত-বিনিময় করে সকলকে নিষ্ঠা, সততা ও একাগ্রতার সাথে কাজ করার পরামর্শ দেন, যাতে দেশের সুনাম ও মর্যাদা অক্ষুণ্ন থাকে। দেশের উন্নয়ন ও সমৃদ্ধিতে তাদের অবদানের কথা স্মরণ করে তিনি সকল প্রবাসীদের প্রতি তাঁর কৃতজ্ঞতা প্রকাশ করেন। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ‘রূপকল্প-২০৪১’ অর্জনের মধ্য দিয়ে একটি সুরী, সমৃদ্ধশালী, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে আরো কার্যকরী ভূমিকা রাখার আহ্বান জানান। মতবিনিময় সভা শেষে বাংলাদেশী কর্মীদের পাসপোর্ট নবায়নের আবেদনসহ অন্যান্য প্রয়োজনীয় কনসুলার সেবা প্রদান করা হয়।

উপস্থিত সকলে দুতাবাসের এ আয়োজনে সন্তোষ প্রকাশ করেন এবং এ উদ্যোগ গ্রহনের জন্য দুতাবাসের প্রতি তাঁদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। একে অপরের সাথে নতুন বছর ২০২৪ এর শুভেচ্ছা বিনিময়ের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

তাসখন্দ, উজবেকিস্তান

৩০ ডিসেম্বর ২০২৩



*[Signature]*  
৩০.১২.২০২৩